2 6 FEB '17
২৬ ৫

# দক্ষতাবিহীন সনদভিত্তিক শিক্ষা জাতির জন্য বোঝা তৈরি করে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

সরকার পর্যায়ক্রমে শিক্ষাকে ঢেলে সাজানোর উদ্যোগ নেবে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'শিক্ষা হবে দক্ষতামুখী। দক্ষতাবিহীন সনদভিত্তিক শিক্ষা ব্যক্তি, পরিবার, সমাজ ও জাতির জন্য বোঝা তৈরি করে। যুগোপযোগী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণই জাতির অর্থনৈতিক মুক্তির পথ। কারিগরিই হবে শিক্ষার অগ্রাধিকার।'

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল রাজধানীর আইডিইবি মিলনায়তনে 'স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট' (স্টেপ) আয়োজিত 'জাতীয় স্কিলস কম্পিটিশন- ২০১৬' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক শিক্ষা : পৃষ্ঠা : ২ ক : ১

## শিক্ষা : জাতির জন্য

(১৬ পৃষ্ঠার পর)

ও উচ্চশিক্ষা সচিব সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা সচিব মো. আলমগীর, প্রকল্প পরিচালক এবিএম আজাদ, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, 'শিক্ষা দেশের অগ্রাধিকার খাত, কারিগরি শিক্ষা হলো অগ্রাধিকারের অগ্রাধিকার। সরকার ইতোমধ্যে কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ১% থেকে ১৪%-এর উপরে উন্নীত করেছে। এই হার ২০২০ সালের মধ্যে ২০ শতাংশ এবং ২০৩০ সালের মধ্যে ৩০ শতাংশে নিয়ে যাওয়ার লক্ষ্যে জোর উদ্যোগ নেয়া হয়েছে। চূড়ান্ত পর্যায়ে এ হারকে ৬৫ শতাংশের উর্ধ্বে তুলতে হবে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি করা, কোর্স-কারিকুলাম যুগোপযোগী করা, যন্ত্রপাতি-ল্যাব-ওয়ার্কশপ বাড়ানো, নতুন প্রকল্প গ্রহণ করাসহ নানা উদ্যোগ নেয়া হচ্ছে।'

মন্ত্রী জানান, বর্তমানে বাংলাদেশে ১৫ থেকে ৬৪ বছর বয়সী কর্মক্ষম মানুষের সংখ্যা ১০ কোটি ৫৬ লাখ। শতকরা হারে তা ৬৬ শতাংশ। ২০৩০ সালে এই হার ৭০ শতাংশে উন্নীত হবে। এ এক বিশাল সুযোগ। এ সুযোগকে কাজে লাগাতে হবে। নতুন প্রজন্মকে আধুনিক কারিগরি প্রযুক্তিতে দক্ষ করে তুলতে হবে। তা না হলে এরাই হয়ে উঠবে দেশের জন্য বড় বোঝা।

'জাতীয় স্কিলস কম্পিটিশন ২০১৬'-এর উদ্বোধন উপলক্ষে শিক্ষামন্ত্রীর নেতৃত্বে গতকাল জাতীয় জাদুঘরের সামনে থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি কাকরাইলের আইডিইবিতে গিয়ে শেষ হয়। র‍্যালিতে ঢাকার কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। মন্ত্রী আইডিইবি'র ৫ম তলায় স্কিলস কম্পিটিশনের স্টলগুলো পরিদর্শন করেন।